আজ মেহেরপুর আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টারের উদ্বোধন

মেহেরপুরে আজ (শুক্রবার) উদ্বোধন হতে যাচ্ছে আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আয়োজনে সকাল সাড়ে ১০টায় মেহেরপুর সদর উপজেলার খড়ের মাঠ আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টারে ফলক উন্মোচনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে এ উদ্বোধন অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী কর্মসূচির অংশ হিসেবে বেলুন উড্ডয়ন, বৃক্ষরোপণ, “স্পেশালাইজড আইসিটি ট্রেনিং ফর কলেজ টিচার্স” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন এবং মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের (প্রশাসন ও কারিগরি) যুগ্ম সচিব ও সদস্য মোহাম্মদ সাইফুল হাসান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) মনির হায়দার, মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শেখ বখতিয়ার উদ্দিন, জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির এবং পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

কর্মীদের ঘরে বসে কাজ করতে বলল টুইটার

প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে এ পর্যন্ত তিন হাজার ১১৯ জনের মৃত্যু হয়ছে। এ অবস্থায় করোনার সংক্রমণ ঠেকাতে কর্মীদের

ঘরে বসে কাজ করতে বলল সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটার।

একটি ব্লগ পোস্টে সোশ্যাল মিডিয়া টুইটার বলেছে, এটি হংকংয়ের কর্মীদের জন্য বাধ্যতামূলক। জাপান ও দক্ষিণ কোরিয়ায় কর্মকর্তরাও বাড়িতে থেকে কাজ করবে। ইতিমধ্যে বাসা থেকে কাজ করার সহজ উপায়ও বের করতে কাজ করছে টুইটার। পোস্টের মাধ্যমে আরও জানা যায়, টুইটারে কর্মরত বিশ্বজুড়ে পাঁচ হাজার কর্মীকে কাজে না আসতে ‘উৎসাহিত’ করছে সংস্থাটি।

সবধরনের অপ্রয়োজনীয় ব্যবসা-বাণিজ্য ও ভ্রমণ নিষিদ্ধ করার একদিন পর এ ঘোষণা দিল টুইটার। আয়ারল্যান্ডের ডাবলিনে গুগলের ইউরোপীয় সদর দফতরের কর্মীরা মঙ্গলবার থেকে বাড়িতে পরীক্ষামূলকভাবে কাজ করবে। তবে সংস্থাটির আট হাজার কর্মী বুধবার অফিসে ফিরে আসবেন বলে আশা করা হচ্ছে।

টুইটারের মানবসম্পদ বিভাগের প্রধান জেনিফার ক্রিস্টি বলেছেন, নিজেদের এবং চারপাশে করোনাভাইরাসের প্রভাব কমিয়ে আনার জন্যই আমাদের এই উদ্যোগ। এর আগে করোনাভাইরাসের কারণে ফেসবুক, গুগলসহ বিভিন্ন শীর্ষস্থানীয় প্রযুক্তি সংস্থা তাদের অনেক সম্মেলন স্থগিত ও বাতিল করেছে। বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া এই করোনাভাইরাসে এখন পর্যন্ত ৩ হাজার ১২৫ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন

সুত্র-যুগান্তর

শিশু কিশোরদের নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে রোবটিক্স ওয়ার্কশপ

শিশু-কিশোরদের মাঝে সায়েন্স, টেকনোলোজি, ইঞ্জিনিয়ারিং, ম্যাথম্যাটিকসকে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে এবং বাস্তব জীবনে বৈজ্ঞানিক ও গাণিতিক ধারণাগুলি প্রয়োগ করতে সেইসঙ্গে রবোটিক্সের ব্যবহার এবং প্রয়োগ বুঝাতে বাংলাদেশ ইনোভেশন ফোরাম আগামী ২৮ মার্চ আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশে সারাদিনব্যাপী আয়োজন করতে যাচ্ছে রোবটিক্স ওয়ার্কশপ ও সকার রোবট কম্পিটিশন “রোবো চ্যাম্প-২০২০”।

উক্ত আয়োজনে সারাদেশ থেকে স্কুল পড়ুয়া প্রায় ৪০টি দল অংশগ্রহণ করবে এবং প্রতি দলে ৬ জন করে অংশগ্রহণকারী থাকবে।

২য় শ্রেণী থেকে ৪র্থ শ্রেণী, ৫ম শ্রেণী থেকে ৭ম শ্রেণী ও ৮ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী, মোট ৩টি গ্রুপে ভাগ হয়ে তারা কাজ করবে। শিক্ষার্থীরা এ সময় প্রথম পর্বে ৩টি গ্রুপে ৩টি ভিন্ন সকার রোবট তৈরি করবে অভিজ্ঞ মেন্টরদের তত্ত্বাবধানে এবং ২য় পর্বে ৪০টি দল কম্পিটিশনে অংশগ্রহণ করবে।

৩টি গ্রুপ থেকে ৬টি দলকে চ্যাম্পিয়ন, রানার্স আপ ঘোষণা করা হবে।

বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রতিষ্ঠাতা আরিফুল হাসান অপু বলেন, শিশু কিশোরদের মাঝে রোবটিক্স নিয়ে নতুন নতুন আবিষ্কারকে উৎসাহিত করার জন্য ৬৪ জেলায় বাংলাদেশ ইনোভেশন ফোরাম এই কর্মশালাটি আয়োজন করতে যাচ্ছে, তারই ধারাবাহিকতায় চতুর্থ কর্মশালাটি ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ২৮ মার্চ।

উক্ত আয়োজনে অংশগ্রহণ করতে হলে অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন করতে হবে http://www.spacecampbd.com/robochamp/ এই ঠিকানায়।

আয়োজনটিতে এডুকেশন পার্টনার হিসেবে আছেন বই ঘর, ভেন্যু পার্টনার হিসেবে আছেন আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ ও ই-টিকেট পার্টনার ই-সফট

সুত্র-যুগান্তর

[redacted]

[redacted]

একদিন দেশের সকল স্বাস্থ্যসেবা ডিজিটালাইজড হবে।

গুগল প্লে স্টোরে টুইটআপ লিখে সার্চ করলেই পাওয়া যাবে অ্যাপটি।

সুত্র-যুগান্তর